# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৮১: কল্যাণ সাধন বা অকল্যাণ দূরীকরণে তারকারাজির কোনো প্রভাব আছে- এমন বিশ্বাস করা কি জায়েয?

এমন বিশ্বাস করা জায়েয নয়। কেননা কল্যাণ সাধনে বা অকল্যাণ দূরীকরণে সেগুলির বিন্দুমাত্র কোনো প্রভাব নেই। বরং এমন বিশ্বাস করা শির্ক। হাদীসে ক্বুদসীতে এসেছে, আল্লাহ বলেন,

«مَنْ قَالَ مُطِرْنَا بِفَضْلِ اللَّهِ وَرَحْمَتِهِ فَذَلِكَ مُؤْمِنٌ بِى وَكَافِرٌ بِالْكَوْكَبِ وَأَمَّا مَنْ قَالَ مُطِرْنَا بِنَوْءِ كَذَا وَكَذَا. فَذَلِكَ كَافِرٌ بِى مُؤْمِنٌ بِالْكَوْكَبِ»

“যে ব্যক্তি বলে, আমরা আল্লাহ্‌র অনুগ্রহ এবং রহমতের কারণে বৃষ্টি প্রাপ্ত হয়েছি, সে ব্যক্তি আমার প্রতি ঈমান আনল এবং তারকারাজির প্রভাব অস্বীকার করল। পক্ষান্তরে যে ব্যক্তি বলল, আমরা অমুক অমুক তারকার মাধ্যমে বৃষ্টি প্রাপ্ত হয়েছি, সে আমাকে অস্বীকার করল এবং তারকার প্রতি ঈমান আনল” (বুখারী ও মুসলিম)। উল্লেখ্য যে, জাহেলী যুগে মানুষেরা বিশ্বাস করত যে, বৃষ্টিপাতের ক্ষেত্রে তারকারাজির প্রভাব রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন